

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ৮ মে ২০০৭/২৫ বৈশাখ ১৪১৪

এস, আর, ও নং ৬৭-আইন/২০০৭/৪৬৯-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, উক্ত আইনের ধারা ৬ উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতীত চা বাগান হইতে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি “৮(৩)” এর পরিবর্তে নিম্নরূপ বিধি “৮(৩)” প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৮(৩)। রপ্তানীর উদ্দেশ্যে ক্রয়কৃত চা রপ্তানীকারক গ্রহণ করার তারিখ হইতে ১৮০ দিনের মধ্যে রপ্তানি করিতে ব্যর্থ হইলে তিনি উক্ত চা কেবলমাত্র পুনরায় নিলামের মাধ্যমে বিক্রয় করিতে পারিবেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আব্দুল মান্নান শিকদার

প্রথম সচিব (মুসক-নীতি ও বাজেট)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫৬০১)

মূল্যঃ টাকা ২.০০